

জেলা ইনোভেশন টিমের নভেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

আহবায়ক : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
সভার তারিখ ও সময় : ২৫ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ, বিকাল ৩.৩০ ঘটিকা


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি মহোদয় জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভায় উপস্থিত সদস্যদের পরিচয় পর্ব শেষে ইনোভেশন অফিসার কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব গ্রহণ	সভাপতি মহোদয় সদস্যদের বলেন, বিভিন্ন দপ্তর তাদের কার্যক্রমকে সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন করে চলেছে। প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের উদ্ভাবন সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে উদ্ভাবন বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। ইনোভেশন টিমের সদস্যদেরকেও ইনোভেশন প্রস্তাব সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
২.	রাজশাহী কলেজ	রাজশাহী কলেজ এর প্রতিনিধি সভাকে জানান, ইতোপূর্বে অনুষ্ঠেয় ইনোভেশন মেলায় রাজশাহী কলেজ অংশগ্রহণ করেছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে পুনরায় ইনোভেশন মেলা আয়োজন করা যেতে পারে। তিনি আরো জানান, ডিজিটাল কার্যক্রম রাজশাহী কলেজ অনেক এগিয়ে রয়েছে। স্বশরীরে উপস্থিতির পাশাপাশি অনলাইন ক্লাসও চালু রয়েছে। অনলাইন ক্লাস সিস্টেমটি আরো বেশি ফলপ্রসূ করার বিষয়েও পরিকল্পনা করা হচ্ছে। তার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের গ্রুপ স্টাডি ও ডিজিটাল ক্লাসরুম সিস্টেমও চালু রয়েছে।	ইনোভেশন কার্যক্রম বেগবান করার লক্ষ্যে আলোচ্য ধারা অব্যাহত রাখার উপর সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ২০২২ সালের প্রথমদিকে ইনোভেশন মেলা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।	১. অধ্যক্ষ রাজশাহী কলেজ রাজশাহী ২. জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়	প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী Online Exam System সম্পর্কে বলেন, অনলাইন এই প্ল্যাটফর্মটির বিষয়ে পরীক্ষা নিরীক্ষা চলমান রয়েছে।	Online Exam System টির আরো কি কি নতুন মডিউল যুক্ত করা যায় তা সবার মাঝে তুলে ধরার সিদ্ধান্ত গৃহীত হলো।	প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
৪.	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর প্রতিনিধি সভাকে জানান যে, ড্রাইভ এ্যাপ্লিকেশনটি অনুমোদন ও বাংলাদেশের সকল জেলায় বিস্তারের জন্য উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করা যেতে পারে।	গৃহীত ইনোভেশনটি অনুমোদন ও রেপ্লিকেবলের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।	ইনচার্জ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী



ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫.	আঞ্চলিক কৃষি তথ্য অফিস	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার বলেন, কৃষি তথ্য সহজলভ্য ও দ্রুত করতে ব্যবহৃত হচ্ছে বিভিন্ন ধরনের অ্যাপস, কৃষি কল সেন্টার (১৬১২৩), ওয়েব সাইট, ফেসবুক, ইউটিউব এসব। অতি সম্প্রতি কৃষকভাইদের সুবিধার্থে রাজশাহীতে একটি কমিউনিটি রেডিও এবং সদর দপ্তরে একটি কৃষক টেলিভিশন নামে কার্যক্রম শুরু করার ব্যবস্থা করা হচ্ছে। টেলিভিশনটি বাংলাদেশের গর্ব বজ্রবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে পরিচালিত হবে। অঞ্চল পর্যায়েও রেকডিং এবং অনুষ্ঠান ধারণের জন্য মিনি স্টুডিও হওয়ার প্রস্তাবনা রয়েছে। ফলে কৃষি কার্যক্রম আরোও বেগবান হবে।	রাজশাহীতে কমিউনিটি রেডিও এবং সদর দপ্তরে কৃষক টেলিভিশন স্থাপনের কার্যক্রম এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। সেই সাথে গৃহীত উদ্যোগ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(জয়া মারীয়া পেরেরা)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

রাজশাহী

ও

সভাপতি, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.২১. ২৪৫ (১১)

তারিখ : ১০ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০১১ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
৩. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য
৫. -----

ও সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী
(কার্যবিবরণীটি পোর্টালের ইনোভেশন কর্নারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)



(কৌশিক আহমেদ)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী